



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর



চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৮.১৭.১০১৭

তারিখ: ২৮ ভাদ্র ১৪২৭

১২ সেপ্টেম্বর ২০২০

বিষয়: করোনা পরিস্থিতিতে গমের সূচি জারিকরণ সংক্রান্ত নির্দেশনার আলোকে জারিকৃত সূচির ভূতাপেক্ষ অনুমোদনের প্রস্তাব প্রেরণ এবং ডিআরটিসি সূচি জারির ক্ষেত্রে অধিদপ্তরের পূর্বানুমোদন গ্রহণ।

সূত্র: চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের ৩১/০৩/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৮.১৭.৩১৬ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশে করোনা ভাইরাসজনিত রোগ এর প্রাদুর্ভাবের প্রেক্ষাপটে খাদ্য অধিদপ্তরাধীন এলএসডি/সিএসডি তে জরুরি গম পরিবহণের আবশ্যিকতা দেখা দিলে সংশ্লিষ্ট আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ কর্তৃক সাশ্রয়ী রুট বিবেচনায় এবং ব্যাক মুভমেন্ট পরিহার করে নিকটতম সাইলো/সিএসডি/এলএসডি হতে মজুত সাপেক্ষে সূচি জারিপূর্বক গমের চাহিদা পূরণ করে জারিকৃত সূচি/সূচিসমূহের ভূতাপেক্ষ অনুমোদনের জন্য প্রস্তাব খাদ্য অধিদপ্তরে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়েছিল। কিন্তু লক্ষ্য করা গেছে যে, জারিকৃত সূচির ভূতাপেক্ষ অনুমোদনের জন্য কোন প্রস্তাব আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম ও খুলনা হতে পাওয়া যায়নি। ভূতাপেক্ষ অনুমোদন প্রস্তাবনা বিলম্বে পেশ করা হলে তা নিষ্পত্তি করতেও বিলম্ব হয়ে থাকে। তাই এখন থেকে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম ও আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা কার্যালয় হতে জারিকৃত ডিআরটিসি সূচিসমূহ অধিদপ্তরের পূর্বানুমোদনক্রমে জারি করা জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১২-৯-২০২০

মোঃ ফজলে রাবী হায়দার

উপ-পরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,

ঢাকা/রংপুর/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৮.১৭.১০১৭/১(১১)

তারিখ: ২৮ ভাদ্র ১৪২৭

১২ সেপ্টেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যাত্মক প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর
- ৭) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো

- ৮) সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো
- ৯) সাইলো অধীক্ষক, সান্তাহার সাইলো
- ১০) সাইলো অধীক্ষক, আশুগঞ্জ সাইলো
- ১১) সাইলো অধীক্ষক, মোংলা সাইলো, বাগেরহাট।



১২-৯-২০২০

মোঃ ফজলে রাক্তী হায়দার

উপ-পরিচালক